

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | চাকুরী | 18 July, 2025

সরকারি চাকরি প্রত্যাশীদের জন্য সুখবর। নেত্রকোণা জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় 'হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর' পদে ৮৬ জনকে নিয়োগ দিতে নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আগ্রহী ও যোগ্য প্রার্থীরা নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন।

## যোগ্যতা

আবেদনকারীদের অবশ্যই স্বীকৃত বোর্ড থেকে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

বাণিজ্য বিভাগ থেকে অনূন্বন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ থাকা আবশ্যিক।

তবে রিট পিটিশন মামলার পক্ষভুক্ত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের ক্ষেত্রে যেকোনো বিভাগ থেকে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে।

কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে এবং টাইপিংয়ে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে ন্যূনতম ২০ শব্দের গতি থাকতে হবে।

## বয়সসীমা

আবেদনকারীর বয়স ১০ আগস্ট ২০২৫ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।

রিট পিটিশন মামলার পক্ষভুক্ত উদ্যোক্তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

## আবেদন ফি

সাধারণ প্রার্থীদের জন্য ফি ১১২ টাকা (পরীক্ষার ফি ১০০ টাকা + সার্ভিস চার্জ ১২ টাকা)।

অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের জন্য ফি ৫৬ টাকা (পরীক্ষার ফি ৫০ টাকা + সার্ভিস চার্জ ৬ টাকা) সব ফি অফেরতযোগ্য।

## আবেদন প্রক্রিয়া

প্রার্থীরা [\[www.timesbd.gov.bd\]](#) ওয়েবসাইটে গিয়ে অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের সময়সীমা

আবেদন শুরু: ২৩ জুলাই ২০২৫, সকাল ৯টা

আবেদনের শেষ সময়: ১০ আগস্ট ২০২৫, বিকাল ৫টা পর্যন্ত

সরকারি চাকরি জেলা প্রশাসকের কার্যালয় নেত্রকোণা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:38

URL: <https://timestodaybd.com/jobs/4955775807>